

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।

বিষয়ঃ এমজিএমসিএল-এর কর্মকর্তা জনাব মোঃ মনোয়ার হোসেন শাহ্ কর্তৃক চাকুরী প্রদানের শর্তে অর্থ আত্মসাৎ করায় সাধারণ জনসাধারণ-এর আনীত অভিযোগ সংক্রান্ত।


মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) এর অভিযোগ প্রতিকার বাস্তবায়ন কমিটির আহ্বায়কের নিকট কোম্পানির উপমহাব্যবস্থাপক পর্যায়ের কর্মকর্তা জনাব মনোয়ার হোসেন শাহ্ কর্তৃক চাকুরী প্রদানের শর্তে অনৈতিক উপায়ে অর্থ আত্মসাৎ করার প্রেক্ষিতে প্রদানকৃত অর্থ উদ্ধারের জন্য কর্তৃপক্ষ বরবার নিম্নোক্ত জনসাধারণগণ অভিযোগ দায়ের করেন:

ক্রমিক নং	আবেদনকারীর নাম-ঠিকানা	আবেদনের তারিখ	আবেদনের বিষয়	মন্তব্য
১।	জনাব বাবুলাল হাসদা পিতা-মৃত সরকার হাসদা, মাতা- হোপন মাই মুরমু, গ্রাম- ছোট পাদুমপুর, ডাকঘর-ইসলামপুর, উপজেলা-নবাবগঞ্জ, জেলা- দিনাজপুর।	০৭-০৬-২০২০	চাকুরী প্রদানের শর্তে গৃহীত অর্থ উদ্ধার প্রসঙ্গে।	
২।	জনাব সুনীল কিস্কু পিতা-মৃত হুকনা কিস্কু, গ্রাম-খাগড়াবন্ধ(শ্যোরকাটি), মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।	০৭-০৬-২০২০	চাকুরী প্রদানের শর্তে গৃহীত অর্থ উদ্ধার প্রসঙ্গে।	
৩।	জনাব সুমন মূর্মু, পিতা-বলাই মূর্মু, গ্রাম-খাগড়াবন্দ(শ্যোরকাটি), মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।	০৭-০৬-২০২০	চাকুরী প্রদানের শর্তে গৃহীত অর্থ উদ্ধার প্রসঙ্গে।	

কোম্পানির কর্মকর্তা জনাব মনোয়ার হোসেন শাহ কর্তৃক চাকুরী প্রদানের শর্তে অনৈতিক উপায়ে অর্থ আত্মসাৎ করার প্রেক্ষিতে প্রদানকৃত অর্থ উদ্ধারের বিষয়ে দাখিলকৃত আবেদনসমূহ কোম্পানির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসা হয়। দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার কমিটির মাধ্যমে অভিযোগ উত্থাপনকারী ব্যক্তিবর্গের সাথে গত ০৮-০৪-২০২১ তারিখে কোম্পানির কনফারেন্স রুমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	অভিযোগের বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১।	চাকুরী প্রদানের শর্তে গৃহীত অর্থ উদ্ধার প্রসঙ্গে।	<p>কোম্পানির কর্মকর্তা জনাব মনোয়ার হোসেন শাহ কোম্পানিতে নিরাপত্তা প্রহরী পদে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে বিভিন্ন সময়ে ২,১০,০০০.০০/=, ১,০০,০০০/= এবং ২,৫০,০০০/= সর্বমোট ৫,৬০,০০০.০০ (পাঁচ লক্ষ ষাট হাজার) টাকা কোম্পানির স্থায়ী নিরাপত্তা প্রহরী জনাব মোঃ শফিকুল ইসলাম (সাহু) এবং আউট সোর্সড নিরাপত্তা প্রহরী জনাব মোস্তাফিজুর রহমান (ফিজু);র মধ্যস্থতায় অনৈতিক উপায়ে শর্তা/প্রতারণার আশ্রয় নিয়ে বর্ণিত পরিমাণ অর্থ গ্রহণ করেন। জনাব মনোয়ার হোসেন শাহ কোম্পানিতে চাকুরী প্রদানের প্রলোভন দেখিয়ে বর্ণিত অর্থ গ্রহণ করেছেন মর্মে তারা লিখিতভাবে অভিযোগ/আবেদন দিয়েছেন এবং অদ্যাবধি আত্মসাৎকৃত অর্থ উদ্ধার না হওয়ায় জনাব মোঃ মনোয়ার হোসেন শাহ নিকট হতে অর্থ উদ্ধারের বিষয়ে আবেদন করেছেন।</p> <p>অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা অভিযোগ উত্থাপনকারী ব্যক্তিবর্গের আবেদন সম্পর্কে অবহিত হন এবং তাদের আবেদন অনুযায়ী জনাব মনোয়ার হোসেন শাহ এর বিরুদ্ধে বিভাগীয় মামলার প্রেক্ষিতে শাস্তি প্রদান করা হয়েছে এবং একই সঙ্গে চাকুরী দেয়ার নামে আত্মসাৎকৃত অর্থ দ্রুত অভিযোগকারী ব্যক্তিদের ফেরত প্রদানের নির্দেশনা প্রদান করে দণ্ডর আদেশ জারি করা হয়েছে। অভিযোগকারীদের আত্মসাৎকৃত অর্থ জনাব মোঃ মনোয়ার হোসেন শাহ কর্তৃক ফেরত প্রদান করবেন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p>	<p>এতদসংক্রান্ত অভিযোগসমূহ তদন্ত করে এমজিএমসিএল কর্তৃপক্ষ জনাব মোঃ মনোয়ার হোসেন শাহ এর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং একই সঙ্গে চাকুরী দেয়ার নামে আত্মসাৎকৃত অর্থ দ্রুত অভিযোগকারী ব্যক্তিদের ফেরত প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে। অভিযোগকারীদের আত্মসাৎকৃত অর্থ জনাব মোঃ মনোয়ার হোসেন শাহ ফেরত প্রদান করবেন মর্মে অভিযোগকারীদের অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সৈয়দ রাফিজুল ইসলাম) ২০২১

উপমহাব্যবস্থাপক (প্রশাসন)

ও কোম্পানি গঠিত অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা।

অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল, মধ্যপাড়া, দিনাজপুর।
- অফিস কপি।